

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
কারা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.২২.০০৩.১৮.১১৫

তারিখ : ১৪ চৈত্র ১৪৩০  
২৮ মার্চ ২০২৪

বিষয় : কারা অধিদপ্তরের সরাসরি নিয়োগযোগ্য কারারক্ষী ও মহিলা কারারক্ষী শূন্য পদে ছাড়পত্রের মেয়াদ বর্ধিতকরণ প্রসঙ্গে।

সূত্র : (ক) সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২০.১৪৩ তারিখ: ০৪ এপ্রিল ২০২৪।

(খ) কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.০৭.০০১.২০২৪-১৪৫ তারিখ: ২৪ মার্চ ২০২৪।

কারা অধিদপ্তরের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি জনবল নিয়োগের ভিত্তিতে উপযুক্ত প্রার্থী নির্বাচনের মাধ্যমে পূরণের জন্য সূত্রোক্ত 'ক' স্মারকমূলে ছাড়পত্র প্রদান করা হয়েছিল, যার মেয়াদ ০৩ এপ্রিল ২০২৪ তারিখে শেষ হবে।

ক্রম	পদের নাম	সরাসরি পূরণযোগ্য পদ সংখ্যা	পূরণকৃত পদ	বর্তমান শূন্য পদ সংখ্যা	শূন্য পদের ১০%	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড	শূন্য পদের ১০% সংরক্ষণ এবং ইতিপূর্বে ছাড়পত্র প্রদানকৃত পদ ব্যতিরেকে ছাড়পত্র প্রদানযোগ্য প্রকৃত পদের সংখ্যা
১	২	৩	৪	৫ (৩-৪)	৬	৭	৮
১.	কারারক্ষী	৮৫৬৫	৭৭৭৮	৭৮৭	৭৮	৯,০০০-২১,৮০০/- ১৭ তম	৭৮৭-(৩৫৪+৭৮)=৩৫৫
২.	মহিলা কারারক্ষী	৬১৭	৫৭০	৪৭	৪	৯,০০০-২১,৮০০/- ১৭ তম	৪৭-(২৯+৪)=১৪
মোট=							৩৬৯ (তিনশত ঊনসত্তর)টি

উক্ত ছাড়পত্র অনুযায়ী কারারক্ষী ও মহিলা কারারক্ষীর নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। চলমান এ নিয়োগ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত কারা অধিদপ্তরের সূত্রোক্ত 'খ' স্মারকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এ ছাড়পত্রের মেয়াদ নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আরো ০৬ মাস পর্যন্ত সময়ের জন্য অর্থাৎ ০৩ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো :

শর্তাবলি :

- উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে।
- অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণির পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।



- (ঘ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/ আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/ অনুসরণ করতে হবে।
- (ঙ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ করার পরবর্তী ১৫ 'কার্য দিবসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ শাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষকে অবহিত করতে হবে;
- (চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০-২৪৯ নং পরিপত্রের ৪(ঙ) অনুযায়ী এ ছাড়পত্রের বৈধতার মেয়াদ আগামী ০৩ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত বহাল থাকবে। উক্ত পরিপত্রের অনুচ্ছেদ ৪ অনুযায়ী ছাড়পত্রের আদেশ জারীর পর নির্ধারিত সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে শূন্য পদসমূহ পূরণ করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা না হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

স্বাক্ষরিত/-

(তাহুনিয়া রহমান চৌধুরী)

উপসচিব

ফোন : ০২-২২৩৩৯০৯৪১

E-mail: [jail1@ssd.gov.bd](mailto:jail1@ssd.gov.bd)

কারা মহাপরিদর্শক  
কারা অধিদপ্তর  
ঢাকা।


স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.২২.০০৩.১৮.১১৫/১(৭)

তারিখ : ১৪ চৈত্র ১৪৩০  
২৮ মার্চ ২০২৪

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল :**

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। উপসচিব, পরিসংখ্যান ও গবেষণা কোষ, সওব্য অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

✓ ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
০৫/০৬/২০২৪  
তাহুনিয়া রহমান চৌধুরী  
উপসচিব